**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ৪৫ জন বিশেষজ্ঞ চিকিৎসকের হাতে নিয়োগপত্র তুলে দেন |**
**(২) সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় জানিয়েছেন, রাজ্যের প্রতিটি জেলায় একটি করে কর্মরতা মহিলা নিবাস গড়ে তোলা হবে।**
**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রকৃত মানুষ হয়ে উঠতে গেলে নিজের প্রতিভাকে বিকশিত করা প্রয়োজন।**
**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের হনসলপুর থেকে ভারতে তৈরি ব্যাটারি চালিত বৈদ্যুতিক যানবাহন 'ই-ভিতারা'র সূচনা করেন।**
**(৫) রাজ্য ভিত্তিক স্কুল স্পোর্টস প্রতিযোগিতা ২০২৫- ২৬ এর অনূর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বছর বয়সি বালক বালিকাদের তৃতীয় বিভাগের অ্যাথলেটিক প্রতিযোগিতার আজ সূচনা হয়েছে।**

****************************************

**CM-Pragna Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার প্রজ্ঞাভবনে আয়োজিত এক অনুষ্ঠানে ৪৫ জন বিশেষজ্ঞ চিকিৎসকের হাতে নিয়োগপত্র তুলে দেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যবাসীর কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে রাজ্য সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। ২০১৮ সালের পর থেকে বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসকের সংখ্যা বাড়ানো হয়েছে। রাজ্যের চিকিৎসা পরিষেবার উন্নতি হওয়ায় বহি:রাজ্যে রোগী রেফারের সংখ্যা অনেকটাই কমেছে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন নবনিযুক্ত বিশেষজ্ঞ চিকিৎসকগণ রাজ্যবাসীর সেবায় আত্মনিয়োগ করবেন।

# # # # # # #Byte-CM# # # # # # #

অনুষ্ঠানে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে বলেন, রাজ্যে চিকিৎসকের ঘাটতি পূরণ করতে আরো ২১৫ জন চিকিৎসক নিয়োগ করা হবে। বিভিন্ন জেলা ও মহকুমা হাসপাতালগুলির ইতিমধ্যেই আধুনিকীকরণ করা হয়েছে।

********************************

**"One Stop Centre" :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ জানিয়েছেন, রাজ্যের প্রতিটি জেলায় একটি করে কর্মরতা মহিলা নিবাস  বা Working Women's Hostel গড়ে তোলা হবে। এজন্য ভারত সরকার একশ কোটি টাকা মঞ্জুরী দিয়েছে। আজ দুপুরে কৈলাশহরের ডি.কে রোড়ে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পরিচালনাধীন "ওয়ান স্টপ সেন্টার" এর উদ্বোধন করে তিনি ভাষন দিচ্ছিলেন। তিনি বলেন, মহিলাদের সুরক্ষায় ও তাঁদের সার্বিক উন্নতি বিধানে কেন্দ্র ও রাজ্য সরকার কাজ করে চলেছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা প্রমুখ।

উল্লেখ্য, বিপদগ্রস্থ মহিলাদের থাকা সহ আইনগত সুবিধাদানের জন্য এই "ওয়ান স্টপ সেন্টার" চালু করা হয়েছে। অনুষ্ঠানে অঙ্গন ওয়াড়ি কেন্দ্রগুলোর জন্য বৈদ্যুতিক চুল্লি প্রদান করা হয়।

****************************

**CM-Rabindra Bhawan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রকৃত মানুষ হয়ে উঠতে গেলে নিজের প্রতিভাকে বিকশিত করা প্রয়োজন। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত চিফ মিনিস্টার অ্যানুয়াল স্টেট্ অ্যাওয়ার্ড ফর একাডেমিক এক্সসেলেন্স অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন শুধুমাত্র পুঁথিগত শিক্ষা গ্রহণ করলেই হবেনা। তার সঙ্গে দরকার নৈতিক শিক্ষা। তিনি বলেন অর্জিত জ্ঞান সঠিক স্থানে প্রয়োগ করে সামাজিক উন্নয়নে অবদান রাখতে হবে। তিনি বলেন রাজ্য সরকার

প্রকৃত শিক্ষার বিকাশের জন্য প্রয়াস অব্যাহত রেখেছে। তিনি বলেন রাজ্যে বর্তমানে ৭টি বিশ্ববিদ্যালয় রয়েছে। ভবিষ্যতে তা আরও বাড়ানোর পরিকল্পনা রয়েছে সরকারের। তিনি বলেন যে বর্তমান প্রজন্মকে যদি প্রকৃত শিক্ষায় শিক্ষিত করা না যায়, তাহলে একটি সুন্দর সমাজ গড়ে তোলা সম্ভব নয়। তিনি বলেন আজকের কর্মসূচি ছাত্রছাত্রীদের উৎসাহ প্রদানে কার্যকরী ভূমিকা পালন করবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, এসসিইআরটির অধিকর্তা এল দারলং, মধ্যশিক্ষা ও বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা প্রমুখ।

***************************

**Bikash Debbarma :**

হস্ততাঁত, হস্তশিল্প মন্ত্রী বিকাশ দেব্বর্মা আজ আগরতলার ইন্দ্রনগরে তাঁত, হস্তশিল্প ও রেশম চাষ দপ্তর পরিদর্শনে যান। পরিদর্শনকালে তিনি দপ্তরের পরিকাঠামো এবং বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন। তিনি বলেন রাজ্য সরকার ত্রিপুরার এই শিল্পগুলিকে রাজ্যের বাইরে প্রচারের জন্য সক্রিয়ভাবে কাজ করছে। রাজ্যের কারিগরদের উৎকৃষ্ট কাজ জাতীয় ও আন্তর্জাতিক বাজারে পৌঁছানোর জন্য প্রচেষ্টা চলছে তিনি জানান। রপ্তানিযোগ্য শিল্প হিসেবে তাঁতের সম্ভাবনার উপর জোর দেন তিনি।

****************************

**AMC Meeting :**

মেয়র দীপক মজুমদারের পৌরোহিত্যে আজ আগরতলা পুর নিগমের সভাকক্ষে আসন্ন পূজার বিষয়ে এক বৈঠক হয়। বৈঠকে শহরের বিভিন্ন জায়গায় কাজ সম্পন্ন করা, রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, রাস্তায় লাইট লাগানো ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। তাছাড়া প্রতিটি ওয়ার্ডে রক্ষনাবেক্ষণের জন্য কর্পোরেটরদের কিছু অর্থ দেওয়া হবে বলে তিনি জানান। সিদ্ধান্ত হয়, পঞ্চমী থেকে দশমী পর্যন্ত প্রতিটি পূজা ক্লাবে দুজন করে সাফাই কর্মী মোতায়ন করবে আগরতলা পুরনিগম। তাছাড়া পূজার

দিনগুলিতে সমস্ত নিয়ম এবং সুরক্ষা বিধি মেনে চলা ক্লাবগুলিকে উৎসবের পরে পুর নিগম কর্তৃক পুরস্কৃত করা হবে বলে তিনি জানান। চলমান নাগরিক প্রকল্পগুলির অবস্থা সম্পর্কে বলতে গিয়ে মেয়র শ্রী মজুমদার আশ্বাস দেন যে নর্দমা ও রাস্তা সংস্কারের কাজ এগিয়ে চলেছে এবং পূজার আগেই তা সম্পন্ন করা হবে। বৈঠকে সব ওয়ার্ডের কর্পোরেটররা উপস্থিত ছিলেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের হনসলপুর থেকে ভারতে তৈরি ব্যাটারি চালিত বৈদ্যুতিক যানবাহন 'ই-ভিতারা'র সূচনা করেন। এই যানবাহনগুলি ইউরোপ এবং জাপানের মতো গুরুত্বপূর্ণ বাজার সহ ১০০টিরও বেশি দেশে রপ্তানি করা হবে। পরিবেশ বান্ধব জ্বালানিতে স্বনির্ভরতার দিকে এক বিশাল পদক্ষেপ হিসেবে, প্রধানমন্ত্রী হনসলপুর-ভিত্তিক টিডিএস লিথিয়াম-আয়ন ব্যাটারি প্ল্যান্টে হাইব্রিড ব্যাটারি ইলেক্ট্রোডের স্থানীয়

উৎপাদন শুরু করার মাধ্যমে ভারতের ব্যাটারি ইকোসিস্টেমের পরবর্তী পর্যায়ের সূচনা করেন।

উদ্বোধনের পর এক সমাবেশে প্রধানমন্ত্রী বলেন, ভারতের স্বনির্ভরতার সন্ধান এবং পরিবেশবান্ধব গতিশীলতার কেন্দ্র হিসেবে উত্থানের ক্ষেত্রে আজ একটি বিশেষ দিন। এই উদ্যোগ ভারত ও জাপানের মধ্যে বন্ধুত্বে নতুন মাত্রা যোগ করেছে। তিনি বলেন, ভারতের স্বনির্ভরতার সন্ধান এবং সবুজ গতিশীলতার কেন্দ্র হিসাবে উঠে আসার ক্ষেত্রে মেক ইন ইন্ডিয়া প্রয়াসের নতুন অধ্যায় যুক্ত হচ্ছে। তিনি উল্লেখ করেন, মারুতি সুজুকির মতো কোম্পানিগুলি মেক ইন ইন্ডিয়ার ব্র্যান্ড অ্যাম্বাসেডর হয়ে উঠেছে।

#######Byte-PM#####

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

******************************

**Package Story-World Dog Day :**

প্রভুভক্ত প্রাণী কুকুর বা সারমেয়, সন্ত্রাসবাদের বিরুদ্ধে অভিযান থেকে সাধারণ বাড়ি পাহারা বা নেহাতই শখের পোষ্য হিসেবে আমাদের সবারই

পরিচিত। আবার পথকুকুরদের নিয়েও অনেক ভাবনা চিন্তা চলছে। একটি প্রতিবেদন।

#######VC#######

***********************

**Blood Donation-Tinku Roy :**

শ্রমমন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহর ফায়ার স্টেশনে অগ্নি ও জরুরি পরিষেবা দপ্তরের উদ্যোগে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করেন। তিনি রক্তদানের গুরুত্ব তুলে ধরে, সব ক্লাব, বাজার কমিটি সহ বিভিন্ন সংগঠনকে নিয়মিত রক্তদান শিবিরের আয়োজন করার আহ্বান জানান। বক্তব্য রাখেন, অগ্নি ও জরুরি পরিসেবা দপ্তরের যুগ্ম অধিকর্তা মিঠুন দাস চৌধুরী, দপ্তরের বিভাগীয় আধিকারিক সারেন্দ্র ত্রিপুরা প্রমুখ। শিবিরে উত্তর ত্রিপুরা ও ঊনকোটি জেলার দপ্তরের কর্মী, B.S.F এবং N.D.R.F মিলিয়ে মোট ১০১ জন জোয়ান রক্তদান করেন।

**************************

**School Sports :**

রাজ্য ভিত্তিক স্কুল স্পোর্টস প্রতিযোগিতা ২০২৫- ২৬ এর অনূর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বছর বয়সি বালক বালিকাদের তৃতীয় বিভাগের অ্যাথলেটিক প্রতিযোগিতার আজ সূচনা হয়েছে। যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় উত্তর ত্রিপুরা জেলার পানিসাগর আঞ্চলিক শারীর শিক্ষা মহাবিদ্যালয় প্রাঙ্গনে এই অনুষ্ঠানের সূচনা করে।

রাজ্যভিত্তিক এই প্রতিযোগিতায় আটটি জেলা থেকে মোট ২৩৪ জন খেলোয়ার অংশগ্রহণ করেছে। আজকের অনুষ্ঠানে বিধায়ক বিনয়-ভূষণ দাস, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, অতিরিক্ত জেলা শাসক এল ডার্লং, জেলা ক্রীড়া দপ্তরের অধিকর্তা বিভাবসু গোস্বামী উপস্থিত ছিলেন।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস।

******************************